তারিখ ... 28 MAR 2016 ...
পৃষ্ঠা ... 2 ... কলাম ... 1 ...

যুগান্তর

# প্রাথমিকে মেধাবৃত্তি বেড়েছে সাড়ে ২৭ হাজার

**যুগান্তর রিপোর্ট**

প্রাথমিক স্তরে বাড়ানো হয়েছে মেধাবৃত্তি। একইসঙ্গে বাড়ছে বৃত্তির টাকার পরিমাণ। এখন থেকে উপজেলা, ইউনিয়ন এবং ওয়ার্ড পর্যায়ে ১০ জনকে দেয়া হবে সাধারণ বৃত্তি। ৮ বিভাগের আরও ২৪ জনকে এ সাধারণ বৃত্তি দেয়া হবে। উপজেলার সেরা মেধাবীর জন্য নির্ধারিত ট্যালেন্টপুল বৃত্তি সংখ্যাও বাড়ানো হয়েছে। তবে কতজন পাবে সেই সংখ্যা নির্ধারিত হবে পরীক্ষার পর মোট শিক্ষার্থীর সংখ্যার ভিত্তিতে। রোববার প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী অ্যাডভোকেট মোস্তাফিজুর রহমান ফিজারের সভাপতিত্বে সচিবালয়ে এক সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়েছে।

## আর্থিক সম্মানীও বেড়েছে

প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষার ফলের ভিত্তিতে এর আগে মফস্বলে ইউনিয়ন আর শহরে ওয়ার্ড পর্যায়ে দু'জন করে ছাত্রছাত্রী মোট ৪টি সাধারণ বৃত্তি পেত। উপজেলা বা বিভাগ পর্যায়ে কোনো সাধারণ বৃত্তি দেয়ার প্রচলন ছিল না। নতুন নিয়ম অনুযায়ী ইউনিয়ন বা ওয়ার্ড পর্যায়ে ৩ জন ছাত্র ও ৩ জন ছাত্রী সাধারণ বৃত্তি পাবে। এছাড়া উপজেলা পর্যায়ে মোট ২ জন ছাত্র ও ২ জন ছাত্রী এবং বিভাগে ৩ জন সাধারণ বৃত্তি পাবে।

প্রাথমিক শিক্ষা অধিদফতরের (ডিপিই) মহাপরিচালক মো. আলমগীর যুগান্তরকে বলেন, 'গতবছর পর্যন্ত ৩৩ হাজার সাধারণ গ্রেড এবং ২২ হাজার ট্যালেন্টপুলসহ মোট ৫৫ হাজার শিক্ষার্থী এ বৃত্তি পেত। এবার থেকে ৪৯ হাজার ৫০০ সাধারণ এবং ৩৩ হাজার ট্যালেন্টপুলসহ মোট ৮২ হাজার ৫০০ ছাত্রছাত্রীকে এ বৃত্তি দেয়ার সিদ্ধান্ত হয়েছে।'

তিনি জানান, মোট ছাত্রছাত্রীকে একটি উপজেলার ছাত্রছাত্রী সংখ্যা দিয়ে ভাগ করা হয়। এরপর যে ফল আসে, সেটা দিয়ে ট্যালেন্টপুল বৃত্তি সংখ্যা ভাগ করে একটি উপজেলার (ট্যালেন্টপুল) বৃত্তি সংখ্যা নির্ধারণ করা হয়। তাই এ সংখ্যাটা স্থায়ী নয়। কিন্তু সাধারণ গ্রেডের বৃত্তি সংখ্যা নির্ধারিত। এটি আগে ইউনিয়ন পর্যায় পর্যন্ত নির্ধারিত ছিল। এক প্রশ্নের জবাবে তিনি বলেন, 'উপজেলায় মেধাবী তালিকা থেকে যেখানে ট্যালেন্টপুল বৃত্তি দেয়া শেষ হবে, তারপরের জন থেকে ২ জন ছাত্র ও ২ জন ছাত্রীকে সাধারণ গ্রেডের বৃত্তি দেয়া হবে। আর বিভাগের সেরা তিন মেধাবী পাবে সাধারণ গ্রেডের ৩টি বৃত্তি।' তিনি আরও জানান, এরপরও ৪টি বৃত্তি রিজার্ভ রাখা হয়েছে। বৃত্তি বণ্টনের পরে কখনও ভুলত্রুটি ধরা পড়লে নতুন করে প্রাপ্তদের এ রিজার্ভ থেকে দেয়া হবে। এদিকে বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীর পাশাপাশি মাসিক সম্মানিও বাড়ছে। এখন থেকে ট্যালেন্টপুলের শিক্ষার্থীরা মাসে ৩০০ টাকা ও সাধারণ গ্রেডের শিক্ষার্থীরা পাবে ২২৫ টাকা। গতবছর পর্যন্ত প্রাথমিকে সাধারণ গ্রেডে বৃত্তিপ্রাপ্তদের এককালীন দেড়শ' টাকা দেয়া হতো। ট্যালেন্টপুলে দেয়া হতো মাসে ২০০ টাকা।

**ইবতেদায়িতেও বাড়ছে :** প্রাথমিকের সঙ্গে ইবতেদায়ি স্তরেও এবার মেধাবৃত্তি বাড়ানোর সিদ্ধান্ত হয়েছে। গত বছর সারা দেশে ১৫০০০ মেধাবৃত্তি দেয়া হয়েছে।

এবার দেয়া হবে ২৫০০০। মাদ্রাসা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক একেএম ছায়েফউল্ল্যা যুগান্তরকে জানান, কয়েকদিন আগে শিক্ষা মন্ত্রণালয় মেধাবৃত্তি বাড়ানোর সিদ্ধান্ত চূড়ান্ত করেছে।

গতবছর পর্যন্ত ৫ হাজার ট্যালেন্টপুল এবং ১০ হাজার সাধারণ গ্রেডের বৃত্তি দেয়া হয়। এবার ১০ হাজার ট্যালেন্টপুল এবং ১৫ হাজার সাধারণ গ্রেডের বৃত্তি দেয়া হবে।